গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর।
www.doict.chirirbandar.dinajpur.gov.bd

# চিরিরবন্দর উপজেলা আইসিটি কমিটির ফেব্রুয়ারি ২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভাপতি : আয়েশা সিদ্দীকা
উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর।
আলোচ্য মাস : জানুয়ারি ২০২০ খ্রিঃ।
তারিখ : ১০ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ, সময়ঃ ১১.১৫ ঘটিকা।
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

সভায় সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট ''ক''

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন করা হয়।

অতঃপর অদ্যকার সভায় সভাপতি বলেন, প্রত্যন্ত এলাকায় পল্লীর জনগণের দোরগোড়ায় আধুনিক তথ্য প্রযুক্তির ধারণা ও সুফল এবং তথ্য প্রযুক্তির প্রসার ঘটাতে পৌছে দেয়ায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের বিকল্প নেই। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উপর জনগণের আগ্রহ তুলনামূলকভাবে অনেক বৃদ্ধি পেয়েছে। প্রতিনিয়ত সেখানে নতুন নতুন সেবা (এক সেবা) যুক্ত হচ্ছে। সে লক্ষ্যে ধন্যবাদ জানিয়ে উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু করা হয়।

সভার সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | আইসিটি অধিদপ্তর সম্পর্কে ধারণা প্রদান ও এর কার্যাবলি তুলে ধরা | সভার শুরুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় এর সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটির সদস্য-সচিব জনাব মোঃ মিজানুর রহমান তথ্য যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যাবলি তুলে ধরেন এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার ও দপ্তরের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে সভায় উপস্থিত সদস্যদের নিকট সভার আলোচ্য বিষয়বস্তু নিয়ে সংক্ষিপ্ত বর্ণনা করেন। | সহকারী প্রোগ্রামার সহ আইসিটি কমিটির সকল সদস্য। |
| ০২ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলায় অবস্থিত প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধানের তত্ত্বাবধানে উক্ত দপ্তরের তথ্য বাতায়নে হালনাগাদ করবে বলে সভায় সিদ্ধান্ত হয়। এছাড়া সকল স্কুল/কলেজ/মাদরাসার নামে স্ব- স্ব ওয়েবসাইট চালু করার ব্যাপারে পরামর্শ প্রদান করা হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এবং সার্বিক সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৩ | ই-নথির কার্যক্রম পরিচালনা | উপজেলা সকল সরকারি দপ্তরে পর্যায়ক্রমে ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং ডিজিটাল গভর্নেন্স প্রতিষ্ঠায় ই-নথির কার্যক্রম চালু হয়েছে। যে সকল দপ্তর ই-নথি ব্যবস্থাপনার আইডি পেয়েছে সে সকল দপ্তরের প্রধান নিজ উদ্যোগে ই-নথি কার্যক্রম পরিচালিত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এবং সার্বিক সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৪ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব তদারকি | উপজেলায় অবস্থিত সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো সার্বক্ষণিক পর্যবেক্ষণ ও পরিচালনা করা ও ব্যবহার বৃদ্ধিতে করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয়।<br>তথ্য ও যোগাযোগ মন্ত্রণালয় হতে প্রাপ্ত ল্যাব সংক্রান্ত সকল নীতিমালা সরাসরি বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠান প্রধানদের তাগিদ দেয়া হয়েছে এবং প্রতিমাসে ল্যাবগুলো পরিদর্শন ও পর্যবেক্ষণ করা হচ্ছে। ল্যাবগুলোর ব্যবস্থা যেন সুষ্ঠুভাবে হয় সে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

চলমান পাতা-২

| | | | |
|---|---|---|---|
| ০৫ | সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার ও সাইবার নিরাপত্তা বিষয়ক | সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, টুইটার ব্যবহারের মাধ্যমে জনগণকে সচেতন করা এবং বিভিন্ন গুজব রোধে প্রত্যেকের অবস্থান থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণে করণীয় বিষয়ে সভায় আলোচনা হয়।<br>সাইবার অপরাধের বিস্তার রোধে করণীয় সচেতনতা বৃদ্ধিমুলক কার্যক্রমের পাশাপাশি আইনের শক্ত প্রয়োগ এর প্রয়োজনীয়তা বিষয়ে সভায় আলোচনা সহ প্রত্যেকেই সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে যথেষ্ট সচেতন হওয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৬ | সেবা পদ্ধতি সহজীকরণ | সভায় নাগরিক সেবাকে আরও সহজীকরণে করণীয় বিষয় সংক্রান্ত বিশদ আলোচনা হয়। প্রান্তিক জনগণ কিভাবে নাগরিক সেবা ঘরে বসেই পেতে পারেন, তাদের যেন অর্থ, সময়, শ্রম সংক্রান্ত ব্যয় কমিয়ে আনা যায় এ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তথ্য বাতায়নে নিয়মিত হালনাগাদ করণ, প্রত্যেক দপ্তরের কার্যাবলি, যোগাযোগ নম্বর প্রত্যেক দপ্তরের নিজস্ব ওয়েবপোর্টালে নিয়মিতভাবে আপডেট করতে হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়নে সংশ্লিষ্ট দপ্তর ও সার্বিক সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৭ | ই-সেবা তৈরি ও বাস্তবায়ন | ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল কন্টেইন তৈরী, বিজ্ঞান ভিত্তিক প্রামান্য তথ্যচিত্র প্রদর্শনসহ নতুন নতুন ই-সেবা তৈরির কোন বিকল্প নাই। সভায় নিয়মিত নতুন নতুন ইনোভেটিভ ই-সেবা তৈরি ও তার বাস্তবায়নে চ্যালেঞ্জ ও উপায় সংক্রান্ত বিশদ আলোচনা হয়। | আইডিয়া তৈরিতে সংশ্লিষ্ট সকল এবং বাস্তবায়ন ও সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৮ | তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ | ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য অধিকার আইনের উপর সম্যক ধারণার জন্য সকল কর্মকর্তাগণকে তথ্য অধিকার আইন সংক্রান্ত অনলাইন প্রশিক্ষণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। যে সকল কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেন নি তাদেরকে জরুরী ভিত্তিতে প্রশিক্ষণ গ্রহণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়নে সংশ্লিষ্ট দপ্তর ও সার্বিক সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৯ | অন্যান্য | সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্য ও অতিথিদের যৌথ উদ্যোগে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত 'ভিষন ২০২১, 'টেকসই উন্নয়ন ও অভীষ্ট লক্ষ্যমাত্রা-২০৩০' এবং ভিশন ২০৪১' বাস্তবায়নের মাধ্যমে একটি উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গঠন করতে সক্ষম হবেন।<br>সভায় আলোচকগণ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং আইসিটি'র বিকাশে যৌথভাবে কাজ করার ইচ্ছা ব্যক্ত করেন। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Ayesha

(আয়েশা সিদ্দীকা)
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
চিরিরবন্দর, দিনাজপুর।

২৯/১২/২০

চলমান পাতা-৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চিরিরবন্দর, দিনাজপুর।
*www.chirirbandar.dinajpur.gov.bd*

স্মারক নং- ৫৬.০৪.২৭৩০.০০০.০৬.০০১.২০. তারিখঃ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ।

অনুলিপিঃ- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ; (জেষ্ঠতার ক্রমানুসরে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ৯ দিনাজপুর-৪ (খানামা-দিনাজপুর)
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), দিনাজপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিরিরবন্দর, দিনাজপুর।
৭। উপজেলা ..................................................... অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর।
৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক .................................... ও সদস্য, উপজেলা আইসিটি কমিটি, চিরিরবন্দর, দিনাজপুর।
৯। জনাব ..............................................................., চিরিরবন্দর, দিনাজপুর।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি কমিটি
চিরিরবন্দর, দিনাজপুর।
ফোনঃ ০৫৩২৬-৫৬১১৯

<u>পরিশিষ্ট-ক</u> (জেষ্ঠতার ক্রমানুসরে নয়)

| ক্রঃ নং | সভায় উপস্থিত সদস্যবৃন্দ এর নাম ও পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মাননীয় সংসদ সদস্য, ৯ দিনাজপুর-৪ (খানসামা-চিরিরবন্দর) প্রতিনিধি- জনাব মোঃ আয়ুবুর রহমান শাহ্, সভাপতি, উপজেলা আওয়ামীলীগ, চিরিরবন্দর, দিনাজপুর | স্বাক্ষরিত | উপস্থিত |
| ২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিরিরবন্দর, দিনাজপুর | -- | অনুপস্থিত |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, চিরিরবন্দর | -- | অনুপস্থিত |
| ৪ | সহকারী কমিশনার (ভূমি), চিরিরবন্দর, দিনাজপুর। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ৫ | অফিসার ইনচার্জ, চিরিরবন্দর থানা, দিনাজপুর। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ৬ | উপজেলা প্রকৌশলী, চিরিরবন্দর, দিনাজপুর। | -- | অনুপস্থিত |
| ৭ | উপজেলা শিক্ষা অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর। | -- | অনুপস্থিত |
| ৯ | উপজেলা সমাজসেবা অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১০ | অধ্যক্ষ, চিরিরবন্দর সরকারি কলেজ, চিরিরবন্দর, দিনাজপুর। | -- | অনুপস্থিত |
| ১১ | অধ্যক্ষ, কারেন্ট হাট ডিগ্রী কলেজ, চিরিরবন্দর, দিনাজপুর। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১২ | প্রধান শিক্ষক, চিরিরবন্দর সরঃ মডেল পাইলট উচ্চ বিদ্যালয় চিরিরবন্দর, দিনাজপুর | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৩ | প্রধান শিক্ষক, চিরিরবন্দর বালিকা উচ্চ বিদ্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৪ | উপ- সহকারী প্রকৌশলী, চিরিরবন্দর এক্সচেঞ্জ, দিনাজপুর | -- | অনুপস্থিত |
| ১৫ | এমডি, ক্লিপিং বিডি, চিরিরবন্দর, দিনাজপুর | -- | অনুপস্থিত |
| ১৬ | সহকারী প্রোগ্রামার, চিরিরবন্দর, দিনাজপুর। | স্বাক্ষরিত | উপস্থিত |